

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-৫/২০১৪/৫৯১

তারিখঃ ১১ অক্টোবর ১৪২১
২৫ নভেম্বর ২০১৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মেরাজ উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার (সাময়িক বরখাস্ত), লোহাগড়া, চট্টগ্রাম দুর্নীতি দমন কমিশন, কর্তৃক লোহাগড়া পুলিশ ফোর্সের সহায়তায় শ্রেফতার এবং লোহাগড়া থানায় একটি ফৌজদারী মামলা (মামলা নং-০৭/৩৭, তাং-০৫/০৩/২০১৪) দায়ের হওয়ায় তাকে এ মন্ত্রণালয়ের ১৮ মার্চ, ২০১৪ তারিখের প্রাগম/ তঃশৃঃ/বিমা-৫/২০১৪/৩৫৬ নং প্রজ্ঞাপনমূলে চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপবিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;


যেহেতু, তিনি অভিযোগের লিখিত জবাব দাখিল করেন এবং ১৩/০৮/১৪ তারিখে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন। শুনানী শেষে বিভাগীয় মামলাটি অধিকতর তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর অংশ-৫ এর বিবিধ-২৫ এর বিধানমতে বিজ্ঞ আদালতে ফৌজদারী মামলা বিচারার্থীন থাকা অবস্থায় বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে বাধা নেই;

সেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে জনাব মোঃ মেরাজ উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার (সাময়িক বরখাস্ত), লোহাগড়া, চট্টগ্রাম-এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হ'ল এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক লোহাগড়া থানায় দায়েরকৃত মামলা নং-০৭/৩৭ নিষ্পত্তি হওয়ার পর চলমান বিভাগীয় মামলার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,




(কাজী আখতার হোসেন)
সচিব

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-৫/২০১৪/৫৯১

তারিখঃ ১১ অক্টোবর ১৪২১
২৫ নভেম্বর ২০১৪

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৪। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৬। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৮। উপজেলা শিক্ষা অফিসার, লোহাগড়া, চট্টগ্রাম।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, লোহাগড়া, চট্টগ্রাম।
- ১০। জনাব মোঃ মেরাজ উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, লোহাগড়া, চট্টগ্রাম।
- ১১। সংরক্ষণ কপি।


২৫/১১/২০১৪
(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব (তঃশৃঃ)
ফোন ৯৫৭৬৬৯১

